# সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৩৮১৩

২৭/ শিষ্টাচার (كتاب الأدب)

পরিচ্ছেদঃ ২৭/৫৬. তাসবীহ-এর ফযীলাত

بَاب فَضْلِ التَّسْبِيحِ

আরবী

حَدَّثَنَا عَلِيُّ بْنُ مُحَمَّدٍ، حَدَّثَنَا أَبُو مُعَاوِيَةَ، عَنْ عُمَرَ بْنِ رَاشِدٍ، عَنْ يَحْيَى بْنِ أَبِي كَثِيرٍ، عَنْ أَبِي سَلَمَةَ بْنِ عَبْدِ الرَّحْمَنِ، عَنْ أَبِي الدَّرْدَاءِ، قَالَ قَالَ لِي رَسُولُ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ " عَلَيْكَ بِسُبْحَانَ اللَّهِ وَالْحَمْدُ لِلَّهِ وَلاَ إِلَهَ إِلاَّ اللَّهُ وَاللَّهُ أَكْبَرُ فَإِنَّهَا ـ يَعْنِي ـ يَحْطُطْنَ الْخَطَايَا كَمَا تَحُطُّ الشَّجَرَةُ وَرَقَهَا " .

বাংলা

৮/৩৮১৩। আবূ দারদা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে বললেনঃ তুমি অবশ্যই ’’সুবহানাল্লাহি ওয়াল হামদু লিল্লাহি ওয়ালা ইলাহা ইল্লাল্লাহু ওয়াল্লাহু আকবার’’ পড়তে থাকো। কারণ তা গুনাহসমূহ ঝরিয়ে দেয়, যেমন গাছ তার পাতা ঝরিয়ে দেয়।

## English

It was narrated that Abu Darda' said:
"The Messenger of Allah (ﷺ) said to me: 'You should recite Subhan-Allah, wal-Hamdu-Lillah, wa la ilahah illallah, wa Allahu Akbar (Glory is to Allah, praise is to Allah, none has the right to be worshiped but Allah, and Allah is the Most Great), for it sheds sins like the tree sheds its leaves.'"

ফুটনোট

আহমাদ ২১২৩৪, আত-তালীকুর রাগীব ২/২৩৪৮, যইফ আল-জামি' ৩৭৫০। তাহকীক আলবানীঃ যইফ। উক্ত হাদিসের রাবী উমার বিন রাশিদ সম্পর্কে আবু আহমাদ আল-হাকিম ও আবু বাকর আল-বাযযার বলেন, তিনি কুফরী নয় এমন কওলী বা আমলী কোন ফিসক এর সাথে জড়িত। আবু বাকর আল-বুরাকী বলেন, তিনি প্রত্যাখ্যানযোগ্য। আবু বাকর আল-বায়হাকী বলেন, তিনি নির্ভরযোগ্য নন। আবু যুরআহ আর-রাযী বলেন, তিনি

হাদিস গ্রহনের ক্ষেত্রে কিছুটা শিথিলতা প্রদর্শন করেছেন। আহমাদ বিন শু'আয়ব আন-নাসায়ী বলেন, তিনি সিকাহ নয়। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি দুর্বল। ইমাম দারাকুতনী বলেন, তিনি নির্ভরযোগ্য নয়, তিনি দুর্বল। (তাহযীবুল কামালঃ রাবী নং ৪২৩১, ২১/৩৪০ নং পৃষ্ঠা)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=44778

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন